

বাংলাদেশ



গেজেট

স্বাভাসিক সনস
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মে ৩০, ২০০০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

(পৌর শাখা-৩)

প্রজ্ঞাপন

তারিখ, ১১ই জ্যৈষ্ঠ ১৪০৭/২৫শে মে ২০০০

এস, আর, ও নং ১৩৬-আইন/২০০০—যেহেতু সরকার অত্র মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং এস, আর, ও ২১৭-আইন/৯৯, তারিখ ৫ই অক্টোবর, ১৯৯৯ দ্বারা নিম্ন উক্তগিলে বণিত এলাকাকে শহর এলাকা ঘোষণা করিয়াছে; এবং

যেহেতু সরকার উক্ত এলাকাকে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণা করার উদ্দেশ্যে Declaration and Alteration of Municipalities Rules, 1978 অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ ঘোষণার প্রস্তাব সম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহ্বান করার জন্য কলকাতার জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকাকে মিউনিসিপ্যালিটি ঘোষণার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন;

এবং যেহেতু সরকার এই প্রতিবেদন বিবেচনাস্তে উক্ত Rules এর rule 4(2) এর অধীনে উক্ত এলাকা সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

(১৮৭১)

মূল্য : টাকা ১.০০

সেহেতু Paurashava Ordinance, 1977 (XXVI of 1977) এর section 4(a)-তে প্রদত্ত ক্ষমতাবলে এং উক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার এতদ্বারা নিম্ন তফসিলে বর্ণিত শহর এলাকাকে, আগামী ২৩শে জ্যৈষ্ঠ, ১৪০৭ বাং, ১৩ই জুন, ২০০০ইং তারিখ হইতে একটি মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) রূপে ঘোষণা করিল; এই মিউনিসিপ্যালিটি টেকনাফ মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) নামে অভিহিত হইবে।

তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মোজার নাম	জে,এল, নং	বাগ নং
১	২	৩	৪	৫
(১)	টেকনাফ	টেকনাফ	০৯	০১—৫১৫, ১০২৮—১২১৯, ১২২৫— ১২৪৫, ১৫৪৫—২২৫৮, ২২৬৪—২২৬৯, ২২৭৪, ২২৭৬—২২৭৭, ২২৭৯—২২৮৩, ২২৯৫—২২৯৭, ২৩০০, ১৭৩১৬—১৭৩২০, ১৭২৯০—১৭২৯৩, ১৭৩২৬—১৭৩৮১।

রাষ্ট্রপতির আদেশক্রমে
আব্দুল সাত্তার ফিঙ্গা
উপ-সচিব (পৌর)।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়,
ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
ভেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।